গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৪.১৪.০০৩.১৯.৬২

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০২১ খ্রিঃ

বিষয় : "পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটি (Technical Committee) এর সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটি (Technical Committee) এর সভা গত ২৩/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ শহিদুজ্জামান। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০৭/০৩/২০২১
(আরিফ আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ইঞ্জিনিয়ার ইন চীফ (ই ইন সি ব্রাঞ্চ), সেনাসদর, ঢাকা সেনানিবাস। (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
২. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা।
৩. কারা মহাপরিদর্শক,কারা অধিদপ্তর, বকশীবাজার, ঢাকা।
৪. প্রফেসর মুনতাসীর মামুন, প্রখ্যাত ইতিহাসবিদ, বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. প্রফেসর ড. শায়ের গফুর, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
৭. স্থপতি কাজী গোলাম নাসির, সাবেক প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
৮. প্রফেসর আবু সাঈদ এম আহমেদ, সাবেক সভাপতি, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট, ঢাকা।
৯. ড. ইশরাত ইসলাম, অধ্যাপক, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, "পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্প, কারা অধিদপ্তর, বকশীবাজার, ঢাকা।
১১. চীফ, FORM.3 architects.

অনুলিপি :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন/কারা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের আওতাভূক্ত কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটির সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ শহিদুজ্জামান<br>সিনিয়র সচিব<br>সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : ২৩ ফেব্রুয়ারি ২০২১ |
| সময় | : সকাল ১১:৩০ মিনিট |
| স্থান | : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংরক্ষিত।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটির এক সভা সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ শহিদুজ্জামান এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভা কক্ষে ২৩/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান এম,পি বিশেষ আমন্ত্রণে সভায় উপস্থিত ছিলেন। এছাড়া, কমিটির সদস্য হিসেবে প্রখ্যাত ইতিহাসবিদ প্রফেসর মুনতাসীর মামুন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য অধিদপ্তরের প্রফেসর ড. শায়ের গফুর, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের প্রফেসর ড. ইশরাত ইসলাম, স্থাপত্য অধিদপ্তরের সাবেক প্রধান স্থপতি জনাব কাজী গোলাম নাসির, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউটের সাবেক সভাপতি প্রফেসর আবু সাঈদ এম আহমেদ সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বলেন, বাঙালি জাতি ২০২১ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করতে যাচ্ছে। স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম আমাদের আত্মপরিচয়, আমাদের স্বাধীন জাতিসত্তা এবং স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের সঙ্গে সম্পৃক্ত। স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের লড়াই-সংগ্রামকালে বঙ্গবন্ধুর ৩০৫৩ দিন বিভিন্ন কারাগারে, বিশেষ করে ঢাকা কেন্দ্রীয় কারাগারে কাটানোর কথা উল্লেখ করে মাননীয় মন্ত্রী বলেন, ঢাকা কেন্দ্রীয় কারাগারের ইতিহাস ব্রিটিশবিরোধী আন্দোলন সংগ্রাম থেকে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাসের সঙ্গে সম্পৃক্ত। তিনি বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের সঙ্গে ঢাকা কেন্দ্রীয় কারাগারের ইতিহাস এবং বঙ্গবন্ধু কারাগারের দিনগুলির কথা উল্লেখ করে আলোচ্য প্রকল্প বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরেন। তিনি সভায় এ মর্মে নির্দেশনা প্রদান করেন যে, প্রকল্প এলাকায় এমন ভাবে কাজ করতে হবে যাতে কেন্দ্রীয় কারাগারের পুরানো অবয়ব বজায় থাকে।

৩। মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং সভার সভাপতি মাননীয় মন্ত্রীকে সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনকালে আলোচ্য প্রকল্প বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরেন। । 'কারাগারের রোজনামচা' বইয়ের উল্লেখ করে তিনি বলেন, বঙ্গবন্ধু জেল জীবনের দিনগুলোতে জেলে থেকেই বিভিন্ন রাজনৈতিক দিক নির্দেশনা ও নেতৃত্ব প্রদান করছেন। তিনি বলেন, ঢাকা শহরের গড়ে ওঠার সঙ্গে ঢাকা কেন্দ্রীয় কারাগারের ইতিহাস যেমন সম্পৃক্ত, তেমনি বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের বিবর্তন ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়েরও নিবিড় সম্পৃক্ততা রয়েছে। ঢাকা কেন্দ্রীয় কারাগারে থাকাকালে বঙ্গবন্ধু জাতীয় গুরুত্বপূর্ণ রাজনৈতিক ক্ষেত্রে দিকনির্দেশনা প্রদান করেছেন। অগ্রাধিকার প্রকল্প হিসেবে আলোচ্য প্রকল্পের বাস্তবায়ন কাজ দ্রুত সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করেন। কারিগরি কমিটির সদস্য হিসাবে প্রফেসর মুনতাসীর মামুন সহ দেশের খ্যাতিমান ব্যক্তিগণ যে মূল্যবান সময়, পরামর্শ এবং দিকনির্দেশনা প্রদান করেছেন এজন্য তিনি সভায় তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ পর্যায়ে তিনি প্রকল্প পরিচালককে আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ জানান।

৪। কারা মহাপরিদর্শক সভায় বলেন, অগ্রাধিকার প্রকল্প হিসেবে আলোচ্য প্রকল্পের বাস্তবায়নকাজ শুরু করার জন্য কারা অধিদপ্তর, বাংলাদেশ সেনাবাহিনীর গণপূর্ত বিভাগ সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করেছে। তিনি আরো বলেন, কারিগরি কমিটির বিশেষজ্ঞ সদস্যগণের সমন্বয়ে ডিসেম্বর ২০২০ হতে কারা অধিদপ্তর এবং সেনানিবাসে মোট ১২টি পর্যালোচনা সভা অনুষ্ঠান এবং ধারাবাহিকভাবে প্রকল্প এলাকা পরিদর্শনের মাধ্যমে আলোচ্য মাস্টারপ্ল্যান প্রস্তুত করা হয়েছে। এক্ষেত্রে তিনি বিশেষজ্ঞ কমিটির সদস্যদের ভূমিকা তুলে ধরেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য তাদের ধন্যবাদ জানান।

৫। প্রকল্প পরিচালক বলেন, আলোচ্য প্রকল্পটি ১১/০৯/২০১৮ তারিখে একনেক কর্তৃক ৬০৭.৩৫৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। তিনি বলেন, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব বর্তমানে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। তিনি বলেন, প্রকল্পের আওতায় নিয়োগকৃত প্রতিষ্ঠান Form-3 আর্কিটেক্টস প্রকল্প এলাকার যেসকল মাস্টারপ্ল্যান প্রস্তুত করেছে সেগুলির বিষয়ে কারিগরি কমিটির সুপারিশ প্রয়োজন। এ পর্যায়ে Form-3 আর্কিটেক্টস সভায় প্রস্তুতকৃত মাস্টারপ্ল্যান উপস্থাপন করেন।

৬। Form-3 আর্কিটেক্টস এর চীফ আর্কিটেক্ট বলেন, প্রকল্প এলাকায় তিনটি জোন এ, বি, ও সি এর মাস্টার প্ল্যান প্রণয়ন কাজ চলমান রয়েছে। এ পর্যায়ে জোন বি' এর চক কমপ্লেক্স ও মসজিদ জোন সি' এর ওয়ার্কশপ সাবজোন, কারা উদ্যান এবং কনডেমন্ড সেল এন্ড গ্যালোজ এর মাস্টার প্ল্যান চূড়ান্ত করা হয়েছে। তিনি পর্যায়ক্রমে মাস্টারপ্ল্যানসমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত পর্যালোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত মাস্টার প্ল্যান অনুমোদন করা হয় এবং অনুমোদিত মাস্টারপ্ল্যান অনুযায়ী প্রকল্পের কার্যক্রম শুরু করার বিষয়ে সুপারিশ প্রদান করা হয়।

৭। প্রফেসর মুনতাসীর মামুন বলেন, প্রকল্প এলাকায় মিউজিয়াম, আর্কাইভ ও লাইব্রেরী ইত্যাদি থাকবে। এছাড়া, প্রকল্প বাস্তবায়ন শেষে যেসব কার্যক্রম পরিচালিত হবে তা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এখনই প্রয়োজনীয় জনবল নির্ধারণ ও নিয়োগের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। আলোচ্য প্রকল্প শেষ হবার আগেই জনবল নিয়োগ সম্পন্ন করা হলে আলোচ্য প্রকল্প বাস্তবায়ন শেষে যথাযথভাবে কার্যক্রমসমূহ চালু করা সম্ভব হবে। বিশেষ করে কিউরেটর, লাইব্রেরীয়ান ও আর্কিভিস্ট নিয়োগের বিষয়টি দ্রুততার সাথে করা প্রয়োজন

বলে তিনি মত ব্যক্ত করেন। মাননীয় মন্ত্রী মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এর দৃষ্টি আকর্ষণ করে বলেন, আলোচ্য প্রকল্প বাস্তবায়ন শেষে যে সব কার্যক্রম পরিচালিত হবে, তা যথাযথভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল নির্ধারণ করে দ্রুত একটি প্রস্তাব প্রণয়ন করতে হবে। এ বিষয়ে তিনি কারা অধিদপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন।

৮। বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউটের সাবেক সভাপতি প্রফেসর আবু সাঈদ এম আহমেদ বলেন, প্রকল্প এলাকায় বাস্তবায়ন কার্যক্রম শুরু করা হলে সেখানে প্রকল্প কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তি ছাড়া অন্য ব্যক্তিদের প্রবেশাধিকার সংরক্ষিত করা প্রয়োজন। প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কোন ব্যক্তি মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত যাতে প্রকল্প এলাকা পরিদর্শন করতে না পারেন, সে বিষয়ে কারা অধিদপ্তরকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য মাননীয় মন্ত্রী নির্দেশনা প্রদান করেন।

৯। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(৯.১) জোন বি এর চক কমপ্লেক্স ও মসজিদ এবং জোন সি এর ওয়ার্কশপ সাবজোন, কারা উদ্যান ও কনডেমন্ড সেল এন্ড গ্যালোজ এর প্রস্তাবিত মাস্টার প্ল্যান অনুমোদন করা হলো। অনুমোদিত মাস্টারপ্ল্যান অনুযায়ী দ্রুত কার্যক্রম শুরু করতে হবে।

(৯.২) প্রকল্প বাস্তবায়ন শেষে যেসব কার্যক্রম পরিচালিত হবে, তা যথাযথভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল নির্ধারণ করে দ্রুত একটি প্রকল্প প্রণয়ন করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

(৯.৩) অগ্রাধিকার প্রকল্প হিসেবে প্রকল্প বাস্তবায়ন কাজ অতি দ্রুত সম্পন্ন করতে হবে।

(৯.৪) প্রকল্প কার্যক্রম নির্বিঘ্নে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত কেউ প্রকল্প এলাকায় প্রবেশ করতে পারবেন না।

(৯.৫) প্রকল্পটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল নির্ধারণ পূর্বক এ সংক্রান্ত একটি প্রস্তাব প্রেরণ করতে হবে।

১০। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ শহিদুজ্জামান)
সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ
ও
সভাপতি, কারিগরি কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.com

২৩/০২/২০২১ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.৩০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''পুরাতন ঢাকা, কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন” শীর্ষক প্রকল্পের কারিগরি কমিটি (Technical Committee) এর সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্রঃ নং | নাম ও পদবি (Name and Designation) | প্রতিষ্ঠানের নাম (Name of Institution) | টেলিফোন নম্বর (Contract Number) | স্বাক্ষর (Signature) |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | ব্রি. জেনা. মো: মোমিনুর রহমান মামুন, কারা মহাপরিদর্শক | কারা অধিদপ্তর | ০১৭৬৯৯৭০০০০ | [signature] |
| ৪. | মিজানুর রহমান | | ০১৭১৬০৬৫৫৯৬ | [signature] |
| ৫. | ড. আবু সাঈদ এম আহমেদ, সভাপতি | UAP | 01711114084 | [signature] |
| ৬. | Ishrat Islam, Professor Dept of URP | BUET | 01713014801 | [signature] |
| ৭. | কাজী গোলাম নাসির, প্রধান স্থপতি (অতিরিক্ত দায়িত্ব) | স্থাপত্য অধিদপ্তর | ০১৭১৯২১১৮০৬ | [signature] |
| ৮. | মোহা: জামাল হোসেন, উপসচিব, পরিকল্পনা | SSD | | [signature] |
| ৯. | আরা আহমেদ, Senior Associate Architect, FORM.3 architects. | FORM.3 architects | 01705185075 | [signature] |
| ১০. | খোন্দকার [illegible] কবির, প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | 8802-58-[illegible]52849 | [signature] 23.2.21 |
| ১১. | মো: দিদারুল ইসলাম ভূঁইয়া, Principal Architect & Managing partner | FORM.3 architects | 01912956841 | [signature] |
| ১২. | এ.কে.এম. জিয়াউল হোসেন, Architect & Partner. | FORM.3 architects | 01979470454 | [signature] |
| ১৩. | MOHAMMAD ABRARUL AREFIN | FORM.3 ARCHITECTS | 01749478414 | [signature] |

| ক্রঃ নং | নাম ও পদবি (Name and Designation) | প্রতিষ্ঠানের নাম (Name of Institution) | টেলিফোন নম্বর (Contract Number) | স্বাক্ষর (Signature) |
|---|---|---|---|---|
| ১৪. | Prof. Dr. Shayer Ghafur | Dept. of Architecture BUET. | 01819 288299 | [signature] |
| ১৫. | মীর মনজুরুর রহমান প্রধান স্থপতি | DOA | 01552322659 | [signature] |
| ১৬. | ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম ফজলুর রহমান টেকনিক্যাল এডভাইজার, সেনাসদর | সেনাসদর, ই ইন সিঁ শাখা | 01713140700 | [signature] |
| ১৭. | লেঃ কর্নেল মোঃ [illegible] প্রকল্প পরিচালক ([illegible]) | সেনাসদর, ইঞ্জিনিয়ার্স শাখা | 01711403623 | [signature] 23/02/2021 |
| ১৮. | আলী রেজা সিদ্দিকী যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক (অতি: দায়িত্ব) | সুরক্ষা সেবা বিভাগ | 01887898989 | [signature] 23/2/2021 |
| ১৯. | নুসরাত জাহান নির্বাহী স্থপতি | স্থাপত্য অধিদপ্তর | 01714241902 | Nusrat Jahan 23.02.21 |
| ২০. | মোঃ খায়রুল আলম শেখ অতি. সচিব (উ:) SSD | SSD. | | [signature] 23/2/2021 |
| ২১. | | | | |
| ২২. | | | | |
| ২৩. | | | | |
| ২৪. | | | | |
| ২৫. | | | | |
| ২৬. | | | | |
| ২৭ | | | | |
| ২৮ | | | | |
| ২৯ | | | | |